দৈনিক ইত্তেফাক

তারিখ ...... NOV 01 1996 ..
পৃষ্ঠা ৬ কলাম ৩.....

117

# 'একশ্রেণীর শিক্ষিত লোকই শিক্ষার সুন্দর পরিবেশকে কলংকিত করিতেছেন'

রাঙ্গুনিয়া সংবাদদাতা ।। চন্দ্রঘোনাস্থ কেপিএম (কর্ণফুলী পেপার মিল) স্কুল ও কলেজের মেধা পুরস্কার বিতরণী অনুষ্ঠানে চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ডঃ এনায়েতুর রহিম বলিয়াছেন, একশ্রেণীর শিক্ষিত লোকই দেশের শিক্ষার সুন্দর পরিবেশকে কলংকিত করিতেছেন। বর্তমানে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষাকালে যেহারে নকল চলিতেছে তাহা সত্যই দুঃখজনক। তবে সবচাইতে বেশী দুঃখজনক হইতেছে, দেশের শিক্ষিত সমাজই পরীক্ষা হলে ছাত্র-ছাত্রীদের নকল সরবরাহ করে। নিরক্ষর ব্যক্তি দ্বারা শিক্ষার পরিবেশ কখনও কলুষিত হয় না। অশিক্ষিত লোকজন যেমন লেখাপড়া জানেন না তেমনি তাহারা নকল সরবরাহেও কোন ধারণা রাখেন না। শিক্ষিত সমাজই জড়িত রহিয়াছে, শিক্ষা দুর্নীতিতে। তিনি শিক্ষা প্রতিষ্ঠানকে কলুষমুক্ত করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। প্রফেসর ডঃ এনায়েতুর রহমান গত ২রা অক্টোবর ভিউ ক্লাবে আয়োজিত উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপরোক্ত বক্তব্য রাখেন।

কলেজের অধ্যক্ষ মফিজুর রহমান মৃধার সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে কে পি এম স্কুল ও কলেজের প্রধান পৃষ্ঠপোষক, কে পি এম-এর ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ জহুরুল হক, কে পি এম স্কুলের প্রধান শিক্ষক সুবিমল চৌধুরী অভিভাবক প্রতিনিধি আবুল কাশেম, শিক্ষক প্রতিনিধি রশিদ আহমদ এবং কেপিএম সিবিএ সাধারণ সম্পাদক মোহাম্মদ শাহজাহান।

ডঃ এনায়েতুর রহমান ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় মনোযোগী হওয়ার পরামর্শ দিয়া বলেন, বিভিন্ন স্কুল কলেজের ছাত্ররা আজ রাজনীতি করিতেছে, রাজনীতি করিতে গিয়া দলাদলি ও গোলাগুলীতে জড়াইয়া পড়িতেছে। অনেকে নানা অপরাধের সঙ্গে জড়িত হইতেছে যাহা আদৌ কাংক্ষিত নয়, ছাত্র-ছাত্রীদের উপযুক্ত শিক্ষায় শিক্ষিত করিয়া তুলিতে তিনি শিক্ষকগণকেও স্কুল কলেজে শিক্ষা দানকালে সতর্ক হইবার পরামর্শ দেন।